



## মানিকগঞ্জে বাসে চাঁদা তোলার সময় যুবদল নেতা গ্রেপ্তার



আটক যুবদল নেতা শুভ। ছবি: সংগৃহীত

মানিকগঞ্জের শিবালয়ে যাত্রীবাহী বাস থেকে চাঁদা আদায়ের অভিযোগে এক যুবদল নেতাকে হাতেনাতে আটক করেছে পুলিশ।

গতকাল মঙ্গলবার দুপুরে ঢাকা-আরিচা মহাসড়কের উখুলী-পাটুরিয়া সংযোগ মোড়ে অভিযান চালিয়ে সাড়ে ১৫'শ টাকাসহ সুব্রত কুমার বিশ্বাস ওরফে শুভকে গ্রেপ্তার করা হয়।

তিনি উখুলী ইউনিয়ন যুবদলের যুগ্ম-আহ্বায়ক ও বেলতা গ্রামের বাসিন্দা। অভিযোগ অনুযায়ী, তিনি ও কয়েকজন সহযোগী সেলফি পরিবহনের প্রতিটি বাস থেকে ৩০ টাকা করে আদায় করছিলেন। এ ঘটনায় পরিবহনের লাইনম্যান মিজানুর রহমান মামলা করেছেন। পুলিশ জানায়, অন্যরা পালিয়ে গেলেও সুব্রতকে আটক করা হয়েছে এবং তাকে আদালতে পাঠানো হবে।

ইউনিয়ন যুবদলের আহ্বায়ক মনিরুজ্জামান সরকার টুটুল বলেন, অভিযোগ প্রমাণিত হলে সাংগঠনিক ব্যবস্থা নেওয়া হবে। শিবালয় থানার ওসি মো. মনির হোসেন ঘটনার সত্যতা নিশ্চিত করেছেন।

**LENS ASIA**